

মোরা একই বৃতে দুটি কুসুম হিন্দু-মুসলমান।
মুসলিম তার নয়ন-মণি, হিন্দু তাহার প্রাণ ॥
এক সে আকাশ-মায়ের কোলে
যেন রবি-শশী দোলে,
এক রক্ত বুকের তলে, এক সে নাড়ীর টান ॥
এক সে দেশের খাই গো হাওয়া, এক সে দেশের জল
এক সে মায়ের বক্ষে ফলে একই ফুল ও ফল
এক সে দেশের মাটিতে পাই
কেউ পোরে কেউ শ্মশানে ঠাই
এক ভাষাতে মাকে ডাকি, এক সুরে গাই গান ॥
চিত্তে নেরে আঁধার রাতে করি মোরা হানাহানি,
সকাল হলে হবে রে ভাই ভায়ে ভায়ে জানাজানি।
কাঁদব তখন গলা ধরে,
চাইব ক্ষমা পরস্পরে,
হাসবে সে দিন গরব ভরে এই হিন্দুস্থান ॥